



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট



নিলাম বিজ্ঞপ্তি

(অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, ফরিদপুর এর অর্থায়িত এসএমই(হাঃ) ঋণ হিসাব মেসার্স সোহাগ রাইচ মিল, প্রোঃ মোঃ সৈয়দ আলী, পিতাঃ মৃতঃ শাহজুদ্দিন শেখ, ঠিকানা : জুড়ান মোল্লারপাড়া, গোয়ালন্দ বাজার, গোয়ালন্দ, রাজবাড়ী এর নিকট ৩১/০১/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সুদসহ ১,৬৫,৮৮,৫৬৭/১৭ (এক কোটি পয়ষট্টি লক্ষ আটশি হাজার পাঁচশত সাতষট্টি টাকা সতেরো পয়সা) অন্যান্য খরচ ও আদায় কালতক সুদ আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা মোঃ সৈয়দ আলী এবং ঋণের জামিনদাতা তার স্ত্রী মনোয়ারা বেগম এর মালিকানাধীন বন্ধকীকৃত নিম্ন তফসিল বর্ণিত জমি, তদুপরিস্থিত স্থাপনা ও মেশিনারিজ বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট থেকে নিম্ন বর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

বিক্রয়তব্য সম্পত্তির তফসিল

থানা, জেলা ও মৌজা	জেএল নং	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ
জেলাঃ রাজবাড়ী থানাঃ গোয়ালন্দ মৌজা- উত্তর উজানচর	৮৭	আরএস- ১০৬৯, ১০৭২ এসএ-১০৯০, ১০৯৩ বি,এস- ১৫৩, ১৬০৪ প্রস্তাবিত- ১৬৩/১, ১৫৩/১	আরএস/এস,এ- ৩১০০, ৩০৯৯ বিএস : ৬২৪, ৬২৩	(১১.০০+১৯.৪৬) শতাংশ সর্বমোট= ৩০.৪৬ শতাংশ


শর্তাদিঃ

০১। আগামী ১৫.১০.২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, ফরিদপুরে রক্ষিত বাস্তব দরপত্র জমা দিতে হবে কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে ১৫.১০.২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল জেনারেল ম্যানেজার'স অফিস, ফরিদপুরে প্রেরণের মাধ্যমে দাখিল করতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.৩০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

০২। প্রত্যেক দরপত্রদাতাকে নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর (যদি থাকে), প্রস্তাবিত দরপত্র সহ দরপত্র দাখিল করতে হবে।

০৩। প্রত্যেক দরপত্র দাতাকে উদ্ধৃত দরের পরিমাণ সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত হলে দরপত্রের ২০% উদ্ধৃত দরের পরিমাণ ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকা হলে দরপত্রের ১৫% এবং উদ্ধৃত দরের পরিমাণ ৫০.০০ লক্ষ টাকার উর্ধ্বে হলে দরপত্রের ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের আকারে সোনালী ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে।

চলমান পাতা-২



ফরিদপুর কর্পোরেট শাখা, ফরিদপুর।

মোবাইল : ০১৭৫৫-৫৮৪৮৭৪, ০১৩১৩-৪৯০৯৯৩

ইমেইল: brfaridpur@sonalibank.com.bd

G:\Shuvashis Faridpur Corp\Nazrul Islam Logo 25052027.doc75

www.sonalibank.com.bd

হটলাইন: ১৬৬৩৯

বিদেশ থেকে: +৮৮০৯৬১০০১৬৬৩৯



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট



পাতা নং-২

০৪। দরদাতার গৃহীত দরের পরিমান অনুধ্ব ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত হলে উহা গৃহীত হবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে; দরদাতার গৃহীত দরের পরিমান ১০.০০ লক্ষ টাকার অধিক কিন্তু অনুধ্ব ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত হলে উহা গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং দরদাতার গৃহীত দরের পরিমান ৫০.০ লক্ষ টাকার অধিক হলে উহা গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তাহা করতে ব্যর্থ হলে তার উপরোক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

০৫। উপরোক্ত অনুচ্ছেদ ৪ এর অধীনে জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত সর্বোচ্চ দরপত্র দাতাকে সম্পত্তি নিলাম খরিদ করতে আহবান করা হবে এবং দ্বিতীয় দরপত্র দাতা আহত হবার পর উপরোক্ত অনুচ্ছেদ ৪ এ নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করবেন এবং তাহা করিতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং জামানতের অর্থ উক্ত দাবিকৃত টাকার সহিত সমন্বয় করা হবে।

০৬। সফল দরদাতাকে তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ, স্ট্যাম্প ডিউটি, উৎসে কর (যদি থাকে), প্রয়োজনে দখল সংক্রান্ত খরচ(বিদ্যমান আইনানুযায়ী) ইত্যাদি বহন করতে হবে এবং উক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, ওয়াসা, পৌরসভা ইত্যাদির কোন পাওনা বা বকেয়া থাকলে উহার দায় অত্র নিলাম বিজ্ঞপ্তিদাতা ব্যাংকের উপর বর্তাবে।

০৭। দরপত্রে সম্পত্তির মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবেন।

০৮। সফল দরদাতাকে অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এবং পরবর্তী সংশোধনী মোতাবেক দখল প্রদান বা বুঝিয়ে দেয়া হবে।

০৯। অকৃতকার্য দরদাতাকে আর্নেস্টম্যানি যথাসময়ে ফেরৎ দেয়া হবে। কম জামানত/জামানত বিহীন/ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

১০। দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতে পারবেন।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল বা সকল দরপত্র বা অসম্পূর্ণ দরপত্র বাতিল করার অধিকার অত্র নিলাম বিজ্ঞপ্তিদাতা ব্যাংক সংরক্ষণ করে।

ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ)
সোনালী ব্যাংক পিএলসি
ফরিদপুর কর্পোরেট শাখা
ফরিদপুর।

ফরিদপুর কর্পোরেট শাখা, ফরিদপুর।

www.sonalibank.com.bd

মোবাইল : ০১৭৫৫-৫৮৪৮৭৪, ০১৩১৩-৪৯০৯৯৩

ইমেইল: brfaridpur@sonalibank.com.bd

G:\Shuvashis Faridpur Corp\Nazrul Islam Logo 25052027.doc76

হটলাইন: ১৬৬৩৯

বিদেশ থেকে: +৮৮০৯৬১০০১৬৬৩৯